# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৪৪) তাওহীদে উলুহিয়্যাহ কাকে বলে?

প্রকাশ্য-অপ্রকাশ্য সকল কথা ও কাজ তথা সকল প্রকার এবাদত একমাত্র আল্লাহর জন্য নির্দিষ্ট করা এবং আল্লাহ ছাড়া অন্য যে কোন বস্তুর এবাদতকে অস্বীকার করার নাম তাওহীদে উলূহিয়্যাহ। যেমন আল্লাহ্ তা'আলা বলেনঃ

وَقَضَى رَبُّكَ أَلاَّ تَعْبُدُوا إِلاَّ إِيَّاهُ

"আপনার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তিনি ছাড়া তোমরা অন্য কারো এবাদত করবে না"। (সূরা বানী ইসরাঈলঃ ২৩) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

وَاعْبُدُوا اللَّهَ وَلاَ تُشْرِكُوا بِهِ شَيْئًا

"তোমরা আল্লাহর এবাদত কর এবং তাঁর সাথে অন্য কাউকে শরীক করো না"। (সূরা নিসাঃ ৩৬) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

إِنَّنِي أَنَا اللَّهُ لاَ إِلَهَ إِلاَّ أَنَا فَاعْبُدْنِي وَأَقِمْ الصَّلاَةَ لِذِكْرِي)

"আমিই আল্লাহ, আমি ছাড়া সত্য কোন মা'বুদ নেই। অতএব, আমার এবাদত কর এবং আমার স্মরণার্থে নামায কায়েম কর"। (সূরা তোহাঃ ১৪) এটিই (لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ_লা-ইলাহা ইল্লাল্লাহ) এর সরল ও সঠিক ব্যাখ্যা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2066

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন